৪৩

# প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০

তারিখ : ০৮.০১.২০১০ [কোড : কপোতাক্ষ] সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

## যেসব জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল

ঢাকা, নারায়ণগঞ্জ, ফরিদপুর, শরীয়তপুর, গাজীপুর, গোপালগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, নেত্রকোনা, রাজবাড়ি, টাঙ্গাইল, মানিকগঞ্জ।

[দ্রষ্টব্য: উত্তরদাতা প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ (দশমিক দুই পাঁচ) নম্বর কাটা যাবে]

০১. 'জমীদার দর্পণ' নাটকটির রচয়িতা কে?
ক. মীর মশাররফ হোসেন খ. অমৃতলাল বসু
গ. মনোমোহন বসু ঘ. কালীপ্রসন্ন সিংহ
উত্তর: ক ব্যাখ্যা: গাজী মিয়াঁ ছদ্মনামে খ্যাত উনিশ শতকের শ্রেষ্ঠ মুসলিম সাহিত্যিক মীর মশাররফ হোসেনের উল্লেখযোগ্য নাটক : বসন্তকুমারী (১৮৭৩) ও জমীদার দর্পণ (১৮৭৩)।

০২. 'দেনা-পাওনা' উপন্যাসটি রচনা করেছে করেছেন-
ক. কাজী এমদাদুল হক খ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
গ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ. বেগম রোকেয়া
উত্তর: খ ব্যাখ্যা: 'দেনাপাওনা' (১৯২৩) শরৎচন্দ্রের অন্যান্য উপন্যাসের মতোই নারী-পুরুষের সম্পর্ক, নারীত্ব, সতীত্বের ধারণার বিচার এই মূলসূত্রে রচিত। কাহিনীর নায়ক জীবনানন্দ। এ উপন্যাস 'ষোড়শী' (১৩২৭) নামে নাট্যায়িত হয়।

০৩. 'দোলন-চাঁপা' কাব্যগ্রন্থটি রচনা করেছেন-
ক. যতীন্দ্রমোহন বাগচী খ. কালিদাস রায়
গ. কাজী নজরুল ইসলাম ঘ. গোলাম মোস্তফা
উত্তর: গ ব্যাখ্যা: মোট ২১টি কবিতার সংকলন 'দোলন-চাঁপা' (১৯২৩)। এর প্রথম কবিতা 'আজ সৃষ্টি সুখের উল্লাসে'। স্ত্রী দোলন বা আশালতার নামেই 'দোলন-চাঁপা' কাব্যের নামকরণ। এর অধিকাংশ কবিতা দোলন বা দুলি বা আশালতাকে নিয়ে।

০৪. 'কালের যাত্রা' নাটকটির রচয়িতা-
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. অমৃতলাল বসু
গ. নবীনচন্দ্র সেন ঘ. মনোমোহন বসু
উত্তর: ক ব্যাখ্যা: রবীন্দ্রনাথের অন্যান্য নাটক : বিসর্জন (১৮৯১), রাজা (১৯১০), ডাকঘর (১৯১২), অচলায়তন (১৯১২), চিরকুমার সভা (১৯২৬), রক্তকরবী (১৯২৬), তাসের দেশ (১৯৩৩)।

০৫. 'শেষের কবিতা' একটি-
ক. কাব্যগ্রন্থ খ. উপন্যাস
গ. ছোটগল্প ঘ. নাটক
উত্তর: খ ব্যাখ্যা: চলিত ভাষায় রচিত রবীন্দ্রনাথের 'শেষের কবিতা' (১৯২৯) তাঁর কবিমানসের রূপান্তর। এটি প্রবাসী পত্রিকায় ছাপা হয় ১৯২৮ সালে। উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র : অমিত, লাবণ্য, কেতকী, শোভনলাল।

০৬. 'শিবমন্দির' কাব্যগ্রন্থের রচয়িতা কে?
ক. গোবিন্দচন্দ্র দাস খ. কায়কোবাদ
গ. অক্ষয়-কুমার সরকার ঘ. নবীনচন্দ্র সেন
উত্তর: খ ব্যাখ্যা: কায়কোবাদের (১৮৫৭-১৯৫১) উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ : অশ্রুমালা (১৮৯৫), মহাশ্মশান (১৯০৫), কুসুমকানন (১৮৭৩), শিবমন্দির (১৯২১), অমিয়ধারা (১৯২৩)।

০৭. 'মনীষা' এর সন্ধিবিচ্ছেদ-
ক. মন + ইষা খ. মন + ঈষা
গ. মনন + ইষা ঘ. মনস + ঈষা
উত্তর: ঘ ব্যাখ্যা: নিপাতনে সিদ্ধ সংস্কৃত ব্যঞ্জনসন্ধি : আ + চর্য = আশ্চর্য; আ + পদ = আস্পদ; বন্ + পতি = বনস্পতি; মনস + ঈষা = মনীষা।

০৮. 'লবণ' এর সন্ধিবিচ্ছেদ-
ক. লো + অন খ. লব + অন
গ. লোব + অন ঘ. লু + বন
উত্তর: ক ব্যাখ্যা: স্বরবর্ণ পরে থাকলে 'এ'-কারের স্থানে 'অয়', 'ঐ'-কারের স্থানে 'আয়', 'ও'-কারের স্থানে 'অব' এবং 'ঔ'-কারের স্থানে 'আব' হয়। যেমন :

| | | |
|---|---|---|
| শে + অন = শয়ন | নৌ + ইক = নাবিক | নৈ + অক = নায়ক |
| গৈ + অক = গায়ক | পৌ + অক = পাবক | পো + অন = পবন |

০৯. সমাস কত প্রকার?
ক. ৪ প্রকার খ. ৮ প্রকার
গ. ৬ প্রকার ঘ. ১০ প্রকার
উত্তর: গ ব্যাখ্যা: সমাস শব্দের অর্থ সংক্ষেপণ। অর্থাৎ পরস্পর সম্পর্কযুক্ত দুই বা ততোধিক পদ একপদে পরিণত হওয়াকে সমাস বলে। যেমন : সিংহ চিহ্নিত আসন = সিংহাসন।

১০. 'হজযাত্রা' কোন সমাসের উদাহরণ?
ক. ৩য় তৎপুরুষ খ. ৪র্থী তৎপুরুষ
গ. ৫মী তৎপুরুষ ঘ. ৭মী তৎপুরুষ
উত্তর: খ ব্যাখ্যা: পূর্বপদে চতুর্থী বিভক্তি (কে, জন্য, নিমিত্ত ইত্যাদি) লোপে যে সমাস হয়, তাকে চতুর্থী তৎপুরুষ সমাস বলে। যথা : গুরুকে ভক্তি = গুরুভক্তি, আরামের জন্য কেদারা = আরামকেদারা।

১১. 'বুলবুলিতে ধান খেয়েছে' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় ষষ্ঠী খ. কর্মে ৭মী
গ. অধিকরণে ২য়া ঘ. কর্তায় শূন্য
উত্তর: ঘ ব্যাখ্যা: বাক্যস্থিত যে বিশেষ্য বা সর্বনাম পদ ক্রিয়া সম্পন্ন করে তা ক্রিয়ার কর্তা বা কর্তৃকারক। যেমন : **বাঘে- মহিষে** খানা একঘাটে খাবে না।

১২. 'হাতের কাজ দেখাও' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদানে ষষ্ঠী খ. কর্মে ৭মী
গ. করণে ষষ্ঠী ঘ. অধিকরণে ষষ্ঠী
উত্তর: গ ব্যাখ্যা: 'করণ' শব্দটির অর্থ যন্ত্র, সহায়ক বা উপায়। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে 'কীসের দ্বারা' বা 'কী উপায়ে' প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায়, তা-ই করণ কারক। যেমন : নীরা কলম দিয়ে লেখে। (উপকরণ– কলম)।

**১৩. কোনটি শুদ্ধ বানান?**

ক. মুন্যাধিক খ. ন্যূনাধিক
গ. ন্যান্যাধিক ঘ. ন্যূনধিক

উত্তর: খ ব্যাখ্যা: কতিপয় শুদ্ধ বানান : সতীত্ব, সতীর্থ, কৃতিত্ব, দায়িত্ব, সখিত্ব, আশিস, আশীর্বাদ, ইতোমধ্যে, উচ্ছ্বাস, আগমনি, অপরাহ্ণ, অহোরাত্র।

**১৪. কোনটি শুদ্ধ বানান?**

ক. গৃহিনী খ. গৃহিনি
গ. গৃহীনী ঘ. গৃহিণী

উত্তর: ঘ ব্যাখ্যা: কতিপয় শুদ্ধ বানান: অনসূয়া, অধ্যয়ন, আদ্যন্ত, অধ্যবসায়, অতিথি, জাজ্বল্যমান, গীতাঞ্জলি, কল্যাণ, ঐকমত্য, প্রণয়িনী, নীরব, দুরবস্থা, দুর্বিষহ, নিকৃণ, দূষিত, দ্বন্দ্ব।

**১৫. কোনটি শুদ্ধ বানান?**

ক. ভবিষ্যৎবাণী খ. ভবিষদ্বাণী
গ. ভবিষ্যৎবানী ঘ. ভবিষ্যতবাণী

উত্তর: ক

**১৬. 'পৃথিবী' এর সমার্থক শব্দ নয়-**

ক. বসুন্ধরা খ. ধরণী
গ. অবনী ঘ. যামিনী

উত্তর: ঘ ব্যাখ্যা: 'পৃথিবী' এর সমার্থক শব্দ : অখিল, মেদিনী, মহী, ক্ষিতি, পৃথ্বী, উর্বী, বসুন্ধরা, অবনী, অরণী, ভূ, মর্ত্য, ইলা, ধরিত্রী, ধরণী, বসুমতী, সসাগরা।

**১৭. 'অন্ধকার' এর সমার্থক শব্দ নয়-**

ক. তিমির খ. কাজল
গ. আঁধার ঘ. অমানিশা

উত্তর: খ ব্যাখ্যা: 'অন্ধকার'এর সমার্থক শব্দ : আঁধার, আঁধারি, তমিস্র, তিমির, ধ্বান্ত, শর্বর।

**১৮. 'পর্বত' এর সমার্থক শব্দ নয়-**

ক. পাহাড় খ. গিরি
গ. শিলা ঘ. শৈল

উত্তর: গ ব্যাখ্যা: 'পর্বত' এর সমার্থক শব্দ : অদ্রি, ভূধর, মহীধর, নগ, অচল, অগ, ক্ষিতিধর, মেদিনীধর, শৈল, পৃথ্বীধর, শৃঙ্গধর, গোভৃৎ, গিরি, মহীধ্র।

**১৯. 'তিমির' বিপরীতার্থক শব্দ-**

ক. আলো খ. তিরস্কার
গ. কালো ঘ. অন্ধকার

উত্তর: ক ব্যাখ্যা: কতিপয় বিপরীত শব্দ :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| তির্যক | ঋজু/সরল | তন্ময় | মন্ময় |
| ত্বরিত | শ্লথ | তীক্ষ্ণ | ভোঁতা |
| তামসিক | রাজসিক | তারুণ্য | বার্ধক্য |

**২০. 'মুক্ত' এর বিপরীতার্থক শব্দ-**

ক. স্বাধীন খ. বদ্ধ
গ. মুক্তি ঘ. বাহির

উত্তর: খ ব্যাখ্যা: কতিপয় বিপরীত শব্দ :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| মুখর | মৌন | মূর্ত | বিমূর্ত |
| মূর্ত | বিমূর্ত | মত্ত | নির্লিপ্ত |
| মজবুত | ঠুনকো | মঞ্জুর | নামঞ্জুর |

**২১. কোনটি শুদ্ধ বানান?**

ক. Banquete খ. Bouquet
গ. Boquet ঘ. Bouquette

উত্তর: খ ব্যাখ্যা: Bouquet এর অর্থ ফুলের তোড়া।

**২২. কোনটি শুদ্ধ বানান?**

ক. Foreigner খ. Forienor
গ. Foriegnor ঘ. Foreiner

উত্তর: ক ব্যাখ্যা: Foreigner এর অর্থ ভিনদেশি, বিদেশি।

**২৩. 'Laugh' শব্দটির Noun হচ্ছে-**

ক. Laugh খ. Laughing
গ. Laughable ঘ. Laughter

উত্তর: ঘ ব্যাখ্যা: প্রশ্নে প্রদত্ত 'Laugh' শব্দটি হলো Verb যার অর্থ হাসা। এর Noun হচ্ছে Laughter (হাসি)।

**২৪. 'Full' শব্দটির Synonym হচ্ছে-**

ক. Filled খ. Fulfilment
গ. Fill ঘ. Full

উত্তর: ক ব্যাখ্যা: প্রশ্নে প্রদত্ত 'Full' শব্দের অর্থ হচ্ছে পরিপূর্ণ,পূর্ণ বা যতটুকু সম্ভব ততটুকু দিয়ে ভরা। এটি একটি Adjective। অপশনগুলোর মধ্যে এর সঠিক উত্তর হলো অপশন (ক) → Filled (পরিপূর্ণ করা); Full প্রশ্নের প্রদত্ত শব্দটি আর এটি একই হওয়ায় এটি উত্তর হবে না।

**২৫. 'Abolish' শব্দটির Synonym**

ক. Cancel খ. Perform
গ. Create ঘ. Generate

উত্তর: ক ব্যাখ্যা:

| Word | Meaning |
|---|---|
| Abolish | বাতিল, বিলোপ করা। |
| Cancel | বাতিল করা। |
| Perform | সম্পাদন করা। |
| Create | সৃষ্টি করা, তৈরি করা। |
| Generate | উৎপাদন করা। |

**২৬. Effort' শব্দটির Synonym হচ্ছে-**

ক. Assurance খ. Attempt
গ. Erect ঘ. Exclude

উত্তর: খ ব্যাখ্যা:

| Word | Meaning |
|---|---|
| Effort | চেষ্টা/ প্রচেষ্টা করা |
| Assurance | নিশ্চয়তা |
| Attempt | চেষ্টা/ প্রচেষ্টা করা |
| Erect | খাড়া/ সোজা করা |
| Exclude | বাদ দেওয়া, বর্জন করা |

**২৭. 'Socrates was accused —— misleading the young section of Athens'. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-**

ক. to খ. for
গ. of ঘ. on

উত্তর: গ ব্যাখ্যা: 'Accuse' শব্দের পরে appropriate preposition হিসেবে 'of' অর্থ অভিযুক্ত হওয়া প্রদত্ত বাক্যের অর্থ: এথেন্সের যুব সম্প্রদায়কে বিপথে পরিচালিত করার অভিযোগে সক্রেটিসকে অভিযুক্ত করা হয়।

www.exambd.net



২৮. "He is accessible —— all."

ক. Of খ. On গ. For ঘ. To

উত্তর ✓ ঘ ব্যাখ্যা 'Accessible' শব্দের পরে Appropriate preposition হিসেবে 'to' বসে।

২৯. 'Accept' শব্দটির Noun হচ্ছে-

ক. Acceptance খ. Accepted
গ. Acception ঘ. Acceptable

উত্তর ✓ ক ব্যাখ্যা

| Word | Parts of speech | Meaning |
|---|---|---|
| Accept | Verb | গ্রহণ করা |
| Acceptance | Noun | গ্রহণ |
| Accepted | Adjective (ভিন্ন অর্থে Adjective) | গৃহীত |
| Aceptable | adjective (Accept এর একই অর্থে সরাসরি Adjective) | গ্রহণযোগ্য |

৩০. 'Envy' শব্দটির Adjective হচ্ছে-

ক. Envity খ. Envious
গ. Jealous ঘ. Enviably

উত্তর ✓ খ ব্যাখ্যা 'Envy' (ঈর্ষা) শব্দের সাথে 'ous' suffix যুক্ত করে adjective 'Envious' গঠিত হয়। অর্থাৎ Env + i(y) + ous →Envious।

৩১. কোনটি শুদ্ধ বানান?

ক. Achievment খ. Acheivment
গ. Achievement ঘ. Achevement উত্তর গ

৩২. কোনটি শুদ্ধ বানান?

ক. Jewelery খ. Jewellry
গ. Jwellry ঘ. Jewellery উত্তর ঘ

৩৩. কোন বাক্যটি শুদ্ধ?

ক. I feel hungry
খ. I feel myself hungry
গ. I am a man of words
ঘ. The sheeps are quite healthy

উত্তর ✓ ক ব্যাখ্যা 'Feel' (অনুভব করা) verb টি একটি Linking Verb কিংবা 'Verb of preposition/ sense' Linking verb এর পর Adverb বসতে পারে না। এক্ষেত্রে কোনো Noun বা Adjective ব্যবহার করতে হয়। প্রশ্নের অপশন (ক) তে প্রদত্ত বাক্যটি সঠিক। কারণ 'hungry' শব্দটি একটি adjective।

৩৪. কোন বাক্যটি শুদ্ধ?

ক. She is a person whom I know is
খ. She is a person who I know is sincere
গ. Tuhin is my lovely friend
ঘ. There is no place in my class

উত্তর ✓ খ ব্যাখ্যা Verb এর subject হিসেবে 'Who' বসে (Whom নয়)। পরপর দুটো Verb থাকলে দ্বিতীয় Verb এর subject হিসেবে Whom বসতে পারে না অর্থাৎ ( is honest) এর subject হিসেবে 'Who' বসাতে হবে, Whom নয়। তাই অপশন (ক) সঠিক নয়। কিন্তু অপশন (খ) তে এই নিয়ম অনুসরণ করা হয়েছে বিধায় এটিই সঠিক উত্তর। অপশন (গ) তে lovely এর পরিবর্তে Best বা অন্যকিছু যেমন : 'Place' এর পরিবর্তে 'room' থাকলে সঠিক হতো।

৩৫. 'I know him' বাক্যটির সঠিক Passive form–

ক. He is known by me
খ. He was known to me
গ. He is known to me
ঘ. He is being known to me

উত্তর ✓ গ ব্যাখ্যা Present indefinite tense এ Active থেকে Passive করার নিয়ম: Object কে Subject ('him' এর পরিবর্তে He) + person ও tense অনুযায়ী 'to be verb' যেমন: am, is , are ( এক্ষেত্রে) is + vpp/v3 + preposition (এক্ষেত্রে 'Know' এর পর to → known to') + subject এর object form (I এর পরিবর্তে Objective case 'me')।

৩৬. 'He is beating the thief' বাক্যটির সঠিক Passive form–

ক. The thief was being beatten by him.
খ. The thief is being beat by him.
গ. The thief is beaten by him.
ঘ. The thief is being beaten by him.

উত্তর ✓ ঘ ব্যাখ্যা Present Continuous tense কে Active থেকে Passive করার নিয়ম: Active বাক্যের Object (The thief) + person ও tense অনুযায়ী 'to be verb' যেমন: an, is, are (এক্ষেত্রে 'is') + being (যেকোনো continuous tense এ) + vpp/v3 + by + Active এর subject এর object case ('He' এর পরিবর্তে 'him')।

৩৭. He said, "tell me, boy, is the miller within?" বাক্যের সঠিক Indirect speech–

ক. Addressing the boy, he asked him (boy) to tell him if the miller was within.
খ. Addressing the boy, he said to him (boy) to tell him if the miller was within
গ. Addressing the boy, he asked him (boy) to tell him that the miller was within
ঘ. Addressing the boy, he said him (boy) to tell him if the miller was within

উত্তর ✓ ক ব্যাখ্যা কাউকে সম্বোধন করে কোনো উক্তি করা হলে Indirect করার নিয়ম (Interrogative sentence)। Addressing + the (যদি প্রয়োজন হয়) + noun (এক্ষেত্রে যাকে address করা হয়েছে অর্থাৎ 'boy') + comma (,) + 'Reporting verb' এর subject + ask/ asked + object (এক্ষেত্রে 'him' যা boy কে নির্দেশ করেছে) + extension (এখানে 'to tell him') + inverted comma এর পরিবর্তে if/ whether বা WH word থাকলে সেগুলো + 'Reported speech' এর tense ও person অনুযায়ী Verb এর পরিবর্তে ('is' এর পরিবর্তে 'was') করে assertive sentence এর pattern এ লিখতে হবে।


**৫৫. কোনো ত্রিভুজের একটি বাহু উভয়দিকে বর্ধিত করায় উৎপন্ন বহিঃস্থ কোণগুলো পরস্পর সমান হলে ত্রিভুজটি-**

ক. বিষমবাহু　　খ. সমবাহু
গ. সমকোণী　　ঘ. সমদ্বিবাহু　　উত্তর খ

**৫৬. কোন ক্ষেত্রটি সামান্তরিক নয়?**

ক. ট্রাপিজিয়াম　　খ. আয়তক্ষেত্র
গ. বর্গক্ষেত্র　　ঘ. রম্বস

উত্তর✓ ক　যে চতুর্ভূজের দুইটি বাহু পরস্পর সমান্তরাল এবং অপর দুটি বাহু অসমান্তরাল তাকে ট্রাপিজিয়াম বলে।




**৫৭. $\frac{২}{৩} \div \frac{৪}{৫}$ এর $\frac{২০}{২১}$ = কত?**

ক. $\frac{১}{৩}$　　খ. $\frac{৮}{২১}$
গ. $\frac{৭}{৮}$　　ঘ. $\frac{৫}{৬০}$

উত্তর✓ গ　$\frac{২}{৩} \div \frac{৪}{৫}$ এর $\frac{২০}{২১} = \frac{২}{৩} \div \frac{১৬}{২১}$

$= \frac{২}{৩} \times \frac{২১}{১৬}$

$= \frac{৭}{৮}$

**৫৮. $\frac{০.১ \times ০.০১ \times ০.০০১}{০.২ \times ০.০২ \times ০.০০২}$ এর মান কত?**

ক. $\frac{১}{৮}$　　খ. $\frac{১}{৮০}$
গ. $\frac{১}{৮০০}$　　ঘ. $\frac{১}{৮০০০}$


উত্তর✓ ক　$\frac{০.১ \times ০.০১ \times ০.০০১}{০.২ \times ০.০২ \times ০.০০২} = \frac{১ \times ১ \times ১}{২ \times ২ \times ২}$

$= \frac{১}{৮}$

**৫৯. ৫, ৮, ১৪, ২৬, ৫০, ........ ধারাটির পরবর্তী সংখ্যা কত?**

ক. ৭৪　　খ. ৯৮
গ. ১০২　　ঘ. ১২২

উত্তর✓ খ




**৬০. স্কুলের কোন ক্লাসের ৩২ জন ছাত্রের মধ্যে ১৮ জন গান পছন্দ করে, ১৬ জন কবিতা পছন্দ করে এবং ৭ জন দুটিই পছন্দ করে। কতজন কোনোটিই পছন্দ করে না?**

ক. ৫ জন　　খ. ৭ জন
গ. ৮ জন　　ঘ. ১০ জন

উত্তর✓ ক

শুধু গান পছন্দ করে = (১৮ − ৭) = ১১ জন
শুধু কবিতা "　" = (১৬ − ৭) = ৯ জন
গান কবিতা অথবা দুটিই পছন্দ করে = ১১ + ৯ + ৭ = ২৭ জন
∴ কোনটি পছন্দ করে না = (৩২ − ২৭) = ৫ জন

**৬১. বরেন্দ্রভূমি বলা হয়-**

ক. ময়নামতি ও লালমাই পাহাড়কে
খ. শালবন বিহারকে
গ. মধুপুর ও ভাওয়ালের গড়কে
ঘ. রাজশাহী বিভাগের উত্তর-পশ্চিম অঞ্চলকে

উত্তর✓ ঘ　রাজশাহীর উত্তরাংশ, বগুড়ার পশ্চিমাংশ, রংপুর ও দিনাজপুরের কিছু অংশ নিয়ে বরেন্দ্রভূমি গঠিত। বরেন্দ্রভূমির মোট আয়তন ৯৩২০ বর্গ কিলোমিটার। বরেন্দ্রভূমির মাটির রং ধূসর ও লাল বর্ণের। প্লাবন সমভূমি থেকে বরেন্দ্রভূমির উচ্চতা ৬-১২ মিটার।

**৬২. সুরমা ও কুশিয়ারা এ দু'নদীর মিলিত স্রোতের নাম-**

ক. কুশিয়ারা　　খ. বরাক
গ. মেঘনা　　ঘ. নবগঙ্গা

উত্তর✓ গ　সুরমা ও কুশিয়ারা নদী হবিগঞ্জের আজমেরীগঞ্জে মিলিত হয়ে কালনী নাম ধারণ করে। কিশোরগঞ্জের বাজিতপুরে কালনী ঘুরঘাটা নদীর সাথে মিলিত হয়ে মেঘনা নাম ধারণ করেছে। মেঘনা পরবর্তীতে কিশোরগঞ্জের ভৈরবে পুরাতন ব্রহ্মপুত্র নদের সাথে মিলিত হয়ে মেঘনা নামে প্রবাহিত হয়েছে। নদীটি চাঁদপুরে পদ্মা নদীর সাথে মিলিত হয়ে মেঘনা নামে বঙ্গোপসাগরে পতিত হয়েছে।

**৬৩. সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে কত সময় লাগে?**

ক. ৯.১২ মিনিট　　খ. ৮.৩২ মিনিট
গ. ৭.৯৬ মিনিট　　ঘ. ১০.৫৬ মিনিট　　উত্তর খ

**৬৪. কোন অঞ্চলে বস্তুর ওজন সবচেয়ে বেশি?**

ক. মেরু অঞ্চলে　　খ. সমুদ্র পৃষ্ঠে
গ. ভূপৃষ্ঠের অভ্যন্তরে　　ঘ. মহাশূন্যে　　উত্তর ক

**৬৫. ১৯৫২ সালের ২ ফেব্রুয়ারি তারিখে তৎকালীন পাকিস্তানের প্রধানমন্ত্রী কে ছিলেন?**

ক. নুরুল আমীন　　খ. খাজা নাজিমউদ্দীন
গ. মোহাম্মদ আলী　　ঘ. লিয়াকত আলী খান

উত্তর✓ খ　ভাষা আন্দোলনের সময় অর্থাৎ ১৯৫২ সালের ফেব্রুয়ারি মাসে পাকিস্তানের প্রধানমন্ত্রী ছিলেন খাজা নাজিমউদ্দীন, গভর্নর জেনারেল ছিলেন গোলাম মুহাম্মদ এবং পূর্ব পাকিস্তানের মুখ্যমন্ত্রী ছিলেন নুরুল আমিন।

**৬৬. বাংলায় ইউরোপীয় বণিকদের মধ্যে প্রথম কারা এসেছিল?**

ক. ইংরেজরা　　খ. ফরাসিরা
গ. পর্তুগিজরা　　ঘ. ওলন্দাজরা

উত্তর✓ গ　উপমহাদেশে ইউরোপীয় বণিক

| নাম | ভারতে আগমন | বাংলায় আগমন |
|---|---|---|
| পর্তুগিজ | ১৪৯৮ সাল | ১৫১৬ সাল |
| ওলন্দাজ | ১৬০২ সাল | ১৬৩০ সাল |
| ইংরেজ | ১৬০৮ সাল | ১৬৫৮ সাল |
| ফরাসি | ১৬৬৭ সাল | ১৬৭৪ সাল |

**৬৭. 'গ্রান্ড ট্রাঙ্ক রোডের' নির্মাতা-**

ক. বাবর　　খ. আকবর

গ. শাহজাহান　　ঘ. শেরশাহ

উত্তর ঘ ব্যাখ্যা গ্র্যান্ড ট্রাঙ্ক রোড এশিয়ার অন্যতম প্রাচীন ও দীর্ঘতম সড়ক পথ। এটি বাংলাদেশের চট্টগ্রাম থেকে শুরু হয়ে পশ্চিমবঙ্গের হাওড়া হয়ে পাকিস্তানের পেশোয়ারের মধ্য দিয়ে আফগানিস্তানের কাবুল পর্যন্ত বিস্তৃত ছিল। এই পথের দৈর্ঘ্য ছিল ২৫০০ কিলোমিটার বা ১৬০০ মাইল। সম্রাট শেরশাহ শুরি ষোড়শ শতাব্দীতে সড়কটি নির্মাণ করেন।

**৬৮. বাংলার প্রথম মুসলিম বিজেতা কে?**

ক. বখতিয়ার খলজী　　খ. ইলিয়াস শাহ

গ. হুসেন শাহ　　ঘ. শিরান খলজী

উত্তর ক ব্যাখ্যা বাংলায় মুসলিম আধিপত্য বিস্তারের সূচনা করেন ইখতিয়ারউদ্দীন মুহাম্মদ বখতিয়ার খলজি। তিনি আফগানিস্তানের তুর্কী সেনাপতি ছিলেন। বখতিয়ার খলজি ১২০৪ সালে লক্ষ্মণ সেনকে পরাজিত করে গৌড় জয় করেন। তিনি গৌড়ের রাজধানীর নাম লক্ষ্মণাবতী পরিবর্তন করে লখনৌতি রাখেন।

**৬৯. কাচকে হঠাৎ উত্তপ্ত করলে ফেটে যায় কিন্তু ধাতু ফাটে না কারণ কাচ তাপ-**

ক. অন্তরক　　খ. সুপরিবাহী

গ. কুপরিবাহী　　ঘ. অর্ধ-পরিবাহী

উত্তর গ ব্যাখ্যা যে সব পদার্থের ভিতর দিয়ে তাপ চলাচল করতে পারে তাদের তাপ পরিবাহী পদার্থ আর যাদের ভিতর দিয়ে তাপ চলাচল করতে পারে না তাদের তাপ কুপরিবাহী বলে। কাচের সব জায়গায় সমান প্রসারণ হয় না তাই কাঁচ ফেটে যায়।

**৭০. কম্পিউটারের ডিজিটাল পদ্ধতির অভ্যন্তরে সাধারণত যে সংখ্যা পদ্ধতি ব্যবহার করা হয় তাকে বলা হয়-**

ক. দশমিক　　খ. বাইনারি

গ. হেক্সাডেসিমেল　　ঘ. অক্টাল

উত্তর খ ব্যাখ্যা কম্পিউটারের ডিজিটাল পদ্ধতির অভ্যন্তরে সাধারণত যে সংখ্যা পদ্ধতি ব্যবহার করা হয় তাকে বলা হয় বাইনারি সংখ্যা। তা হলো '0' এবং '1'

**৭১. ক্ষমতার একক-**

ক. নিউটন　　খ. ক্যালরি

গ. জুল　　ঘ. ওয়াট　　উত্তর ঘ

**৭২. পরিবেশের সাথে জীবদেহের সম্পর্ক সম্বন্ধীয় বিজ্ঞান-**

ক. ইকোলজি　　খ. এনাটমি

গ. ইভোলিউশন　　ঘ. হিস্টোলজি　　উত্তর ক

**৭৩. কোন তারিখে বাংলাদেশের সংবিধান কার্যকর হয়?**

ক. ২৬ মার্চ ১৯৭২　　খ. ১৬ ডিসেম্বর ১৯৭২

গ. ১৭ এপ্রিল ১৯৭১　　ঘ. ১৬ ডিসেম্বর ১৯৭৩

উত্তর খ ব্যাখ্যা বাংলাদেশের সংবিধান প্রণয়নের উদ্দেশ্যে খসড়া সংবিধান প্রণয়ন কমিটি গঠন করা হয় ১১ এপ্রিল ১৯৭২ সালে। ৩৪ সদস্য বিশিষ্ট এ কমিটির প্রধান বা সভাপতি ছিলেন ড. কামাল হোসেন। ১২ অক্টোবর ১৯৭২ সালে ড. কামাল হোসেন খসড়া সংবিধান গণপরিষদে উত্থাপন করেন। ৪ নভেম্বর ১৯৭২ সালে সংবিধান গণপরিষদ কর্তৃক গৃহীত হয়। ১৯৭২ সালের ১৬ ডিসেম্বর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান কার্যকর হয়।

**৭৪. সংবিধানের পঞ্চম সংশোধনী গৃহীত হয়-**

ক. ১৯৭৭ সালে　　খ. ১৯৭৮ সালে

গ. ১৯৭৯ সালে　　ঘ. ১৯৮০ সালে

উত্তর গ ব্যাখ্যা ১৯৭৯ সালের ৪ এপ্রিল শাহ আজিজুর রহমান সংসদে পঞ্চম সংশোধনী প্রস্তাব উত্থাপন করেন। এটি ৫ এপ্রিল সংসদে গৃহীত হয় এবং ৬ এপ্রিল রাষ্ট্রপতির সম্মতি লাভ করে। এই সংশোধনীর মাধ্যমে ১৯৭৫ সালের ১৫ আগস্টের সামরিক অভ্যুত্থানের পর থেকে ১৯৭৯ সালের ৫ এপ্রিল পর্যন্ত সামরিক সরকারের যাবতীয় কর্মকাণ্ডের বৈধতা দান করা হয়। সুপ্রিম কোর্টের আপিল বিভাগ ২ ফেব্রুয়ারি ২০১০ সালে সংবিধানের পঞ্চম সংশোধনী অবৈধ ঘোষণা করে।

**৭৫. প্রথম সাফ গেমস অনুষ্ঠিত হয়-**

ক. ঢাকায়　　খ. নয়াদিল্লিতে

গ. কলম্বোতে　　ঘ. কাঠমাণ্ডুতে

উত্তর ঘ ব্যাখ্যা সাফ গেমসের বর্তমান নাম সাউথ এশিয়ান গেমস। প্রথম সাউথ এশিয়ান গেমস অনুষ্ঠিত হয় ১৯৮৪ সালে নেপালের কাঠমান্ডুতে। দ্বাদশ সাউথ এশিয়ান গেমস অনুষ্ঠিত হয় ২০১৬ সালে ভারতের আসাম ও মেঘালয়ে। ত্রয়োদশ সাউথ এশিয়ান গেমস অনুষ্ঠিত হবে ২০১৮ সালে নেপালের কাঠমান্ডুতে।

**৭৬. বাংলাদেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কখন থেকে চালু হয়?**

ক. ১ জানুয়ারি ১৯৯২　　খ. ১ জানুয়ারি ১৯৯৩

গ. ১ জানুয়ারি ১৯৯১　　ঘ. ১ জানুয়ারি ১৯৯০

উত্তর ক ব্যাখ্যা বাংলাদেশে প্রাথমিক শিক্ষা আইন জারি করা হয় ১৯৭৪ সালে। ১জানুয়ারি ১৯৯২ সালে প্রাথমিকভাবে ৬৮টি উপজেলায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু করা হয়। ১ জানুয়ারি ১৯৯৩ সালে দেশব্যাপী বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয়।

**৭৭. নিচের কোন উক্তিটি সঠিক?**

ক. বায়ু একটি যৌগিক পদার্থ

খ. বায়ু একটি মৌলিক পদার্থ

গ. বায়ু একটি মিশ্র পদার্থ

ঘ. বায়ু বলতে নাইট্রোজেন ও অক্সিজেনকেই বোঝায়　　উত্তর গ

**৭৮. শৈবাল কোন জাতীয় উদ্ভিদ?**

ক. পরভোজী　　খ. স্বভোজী

গ. পরাশ্রয়ী　　ঘ. মৃতজীবী　　উত্তর খ

**৭৯. কাচ তৈরির প্রধান কাঁচামাল হলো-**

ক. জিপসাম　　খ. চুনাপাথর

গ. সাজিমাটি　　ঘ. বালি　　উত্তর ঘ

**৮০. 'ড্রাই আইস' হলো-**

ক. কঠিন অবস্থায় কার্বন ডাইঅক্সাইড

খ. কঠিন অবস্থায় সালফার ডাইঅক্সাইড

গ. শূন্য ডিগ্রি তাপমাত্রার নিচে বরফ

ঘ. কঠিন অবস্থায় হাইড্রোজেন পারঅক্সাইড

উত্তর ক ব্যাখ্যা ড্রাই আইস হলো কঠিন অবস্থায় কার্বন ডাইঅক্সাইড। প্রচন্ড চাপে এবং-৭৮.৫° তাপমাত্রায় কার্বন ডাই অক্সাইড গ্যাস তরল না হয়ে সরাসরি কঠিন পদার্থে পরিণত হয়।